

বয়স্করা প্রেমের সম্পর্ক লুকিয়ে রাখতে বেশি পারদর্শী: টুইঙ্কেল -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-২৭ ঃ মেহেরপুর- রোববার ৯ নভেম্বন ২০২৫ ইং ঃ ২৪ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ১৭ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

## দুই কোটি টাকায় নিবন্ধন পেয়েছে ডেসটিনির আম জনগণ পার্টি: তারেক রহমান

সূর্যোদয় প্রতিবেদন

ডেসটিনি গ্রুপের চেয়ারম্যান রফিকুল আমীনের গড়া রাজনৈতিক দল "আম জনগণ পার্টি" দুই কোটি টাকার বিনিময়ে নিবন্ধন পেয়েছে– এমন অভিযোগ তুলেছেন আম জনতার দলের সদস্যসচিব তারেক রহমান। শনিবার (৮ নভেম্বর) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনের সামনে নিজ দলের নিবন্ধন না পাওয়ার প্রতিবাদে অনশনরত অবস্থায় তিনি এ অভিযোগ করেন। টানা ১০০ ঘণ্টারও বেশি সময় ধরে অনশন করছেন তিনি।

তারেক রহমান অভিযোগ করে বলেন, "ডেসটিনির দলকে দুই কোটি টাকার বিনিময়ে নিবন্ধন পাইয়ে দেওয়া হয়েছে। ইসির সংশ্লিষ্ট কর্মকর্তারা রাজধানীর একটি অভিজাত হোটেলে বৈঠক করে টাকার বিনিময়ে এই নিবন্ধন নিশ্চিত করেছেন। আমি প্রধান নির্বাচন কমিশনারকে অনুরোধ করছি– এখনই ওই দলের নিবন্ধন বাতিল করুন।" প্রমাণের বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, "নিবন্ধন যাচাইয়ের জন্য ইসির তদন্ত কর্মকর্তারা মাঠে

২-এর পৃষ্ঠা দেখুন




# ধানের শীষের বিজয়েই রুখে দিতে হবে ভারতীয় আধিপত্য: মাসুদ অরুণ

### জাতীয় বিপ্লব ও সংহতি দিবসে মেহেরপুরে বিএনপি প্রার্থীর সমাবেশে ঐক্যের ডাক

নিজস্ব প্রতিবেদক

ধানের শীষের প্রতীককে বিজয়ী করার মধ্য দিয়েই ভারতীয় আধিপত্য ও অপশক্তির প্ররোচনা প্রতিহত করতে হবে বলে মন্তব্য করেছেন কেন্দ্রীয় বিএনপি নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের বিএনপি মনোনীত প্রার্থী মাসুদ অরুণ। গতকাল শনিবার বিকেলে শহীদ ড. শামসুজ্জোহা

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে শিশুদের জন্য নেই কোনো বিনোদন কেন্দ্র

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলার শিশুদের জন্য নেই কোনো উপযুক্ত বিনোদন কেন্দ্র। জেলার তিনটি উপজেলা–মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগরে শিশুদের জন্য নির্দিষ্ট কোনো পার্ক, ইনডোর প্লে-জোন কিংবা শিশুতোষ কার্যক্রম পরিচালিত হয় না। এতে শিশুদের মানসিক ও শারীরিক বিকাশে নেতিবাচক প্রভাব পড়ছে বলে অভিভাবকরা মনে করছেন। জানা গেছে, জেলার একমাত্র খোলা পার্ক হিসেবে পরিচিত শহরের শাহেদ ড. শামসুজ্জোহা পার্কেই এখনো মানুষ কিছুটা সময় কাটাতে যান। তবে পার্কটি শিশুদের জন্য উপযুক্ত নয়। নেই কোনো দোলনা, স্লাইড বা খেলাধুলার নিরাপদ জায়গা। সন্ধ্যা নামলেই পার্কটি পরিণত হয় আড্ডাস্থলে। ফলে পরিবারগুলোও আগের মতো যেতে চান না। মেহেরপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় প্রতিষ্ঠিত "স্বপ্ন ছুঁই শিশু পার্ক" একসময় ছিল শিশুদের একমাত্র আনন্দক্ষেত্র। কিন্তু বর্তমানে সেটিও বড়দের আড্ডা ও কর্মকাণ্ডের দখলে চলে যাচ্ছে বলে অভিযোগ উঠেছে। গাংনী ও মুজিবনগর উপজেলা সদর এলাকাতেও নেই কোনো স্থায়ী শিশু পার্ক বা ইনডোর গেম জোন। ফলে শিশুদের বিনোদনের বিকল্প হিসেবে অভিভাবকরা এখন বাধ্য হচ্ছেন মোবাইল ও ইন্টারনেট নির্ভর গেমের দিকে ঠেলে দিতে। বিশেষজ্ঞদের মতে, এতে শিশুর মানসিক বিকাশের পাশাপাশি সামাজিক ও শারীরিক দক্ষতা অর্জনেও বড় ধরনের প্রতিবন্ধকতা সৃষ্টি



হচ্ছে।

স্থানীয় শিক্ষক হাবিবুর রহমান বলেন, "এখনকার বাচ্চারা মাঠে খেলতে পারে না, আবার বিনোদনের মতো নিরাপদ জায়গাও নেই। তারা পুরোপুরি পর্দায় বন্দি হয়ে পড়ছে।" অভিভাবক ও সামাজিক সংগঠনগুলোর দাবি, জেলা প্রশাসনের উদ্যোগে অন্তত প্রতিটি উপজেলায় একটি করে শিশু পার্ক স্থাপন করা জরুরি। এতে একদিকে শিশুদের জন্য

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুর মটর শ্রমিক ইউনিয়ন নির্বাচনে ৩৯ প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক সাধারণ নির্বাচন (২০২৫-২০২৭) উপলক্ষে মনোনয়নপত্র বিক্রি শুরু হয়েছে। গতকাল ?শনিবার (৮ নভেম্বর) সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত সংগঠনের অফিসে মনোনয়নপত্র বিক্রি করা হয়। ?নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, মনোনয়নপত্র জমা নেওয়া হবে ৯ নভেম্বর সকাল

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে আহত বিরল ঈগল উদ্ধার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি উত্তরপাড়ার মাঠ থেকে শনিবার বিকেলে একটি বিরল প্রজাতির ঈগল পাখি আহত অবস্থায় উদ্ধার করা হয়েছে। স্থানীয় বাসিন্দা সুজন আহত অবস্থায় ঈগলটি উদ্ধার করেন। প্রত্যক্ষদর্শীরা জানান, বিদ্যুতের তারের সংস্পর্শে আসায় পাখিটি আহত হয়ে মাটিতে পড়ে যায়। আহত ঈগলটি বড় ও শক্তিশালী হলেও বর্তমানে দুর্বল অবস্থায় রয়েছে। সুজন পাখিটিকে নিজের বাড়িতে নিয়ে প্রাথমিক পরিচর্যা করছেন। পাখিটি সম্পূর্ণ সুস্থ না হওয়া পর্যন্ত তার বাড়িতেই যত্ন নেওয়া হবে।




## গাংনীতে বিএনপির র‍্যালি, স্লোগান 'অবৈধ মনোনয়ন মানি না'

নিজস্ব প্রতিবেদক. গাংনী

জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে মেহেরপুরের গাংনীতে বর্ণাঢ্য র‍্যালি করেছে উপজেলা ও পৌর বিএনপি। শনিবার বিকেলে বাঁশবাড়িয়া এলাকা থেকে শুরু হয়ে র‍্যালিটি গাংনী বাজারে জেলা বিএনপি'র সভাপতি জাবেদ মাসুদ মিল্টনের রাজনৈতিক কার্যালয়ের সামনে এসে

২-এর পৃষ্ঠা দেখুন

## জামায়াতের প্রস্তাবে 'না', সরকার উদ্যোগ নিলে বসবে বিএনপি

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই সনদের বাস্তবায়ন প্রক্রিয়া ও গণভোটের সময়সূচি নিয়ে রাজনৈতিক সমঝোতার জন্য সরকার নির্ধারিত সাত দিনের সময়সীমা আগামী সোমবার শেষ হচ্ছে। তবে সময়সীমা শেষ হওয়ার আগেই সমঝোতার কোনো লক্ষণ দেখা যাচ্ছে না। বিএনপির স্থায়ী কমিটির বৈঠকে সিদ্ধান্ত হয়েছে– সরকার যদি উদ্যোগ নেয়, তাহলে আলোচনায় বসবে দলটি। তবে জামায়াতের পক্ষ থেকে আলোচনার আহ্বানকে বিএনপি 'সঠিক পন্থা নয়' বলে প্রত্যাখ্যান করেছে। দলটি মনে করছে,

২-এর পৃষ্ঠা দেখুন



## কালীগঞ্জে মাঠ থেকে অজ্ঞাত নারীর লাশ উদ্ধার

নিজস্ব প্রতিবেদক.ঝিনাইদহ

ঝিনাইদহের কালীগঞ্জে মাঠ থেকে অজ্ঞাতপরিচয় এক নারীর (৫৫) লাশ উদ্ধার করেছে পুলিশ। শনিবার সকালে উপজেলার পুকুরিয়া গ্রামের মাঠের রাস্তার পাশ থেকে লাশটি উদ্ধার করা হয়। স্থানীয়রা জানান, পুকুরিয়া-মোল্লাকোয়া সড়কের বড় খাল মাঠের মধ্যে রাস্তার উপর এক নারীর লাশ পড়ে থাকতে দেখে তারা পুলিশে খবর দেন। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে লাশটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য

২-এর পৃষ্ঠা দেখুন




## অটো চালকদের নিয়ে জামায়াত'র সম্মেলন অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক.মুজিবনগর

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় অটোচালকদের নিয়ে বাংলাদেশ জামায়াতে ইসলামী'র উদ্যোগে এক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে উপজেলার রামনগর ফুটবল মাঠে এ সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে সভাপতিত্ব করেন মুজিবনগর উপজেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা খান জাহান আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমির ও মেহেরপুর-১ (সদর-মুজিবনগর) আসনের প্রার্থী মাওলানা

২-এর পৃষ্ঠা দেখুন

## জুলাই আন্দোলনে আহতদের চিকিৎসায় ২০ ধরনের বাধা

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই আন্দোলনে আহতদের চিকিৎসা নিতে গিয়ে রাজধানীসহ দেশের বিভিন্ন হাসপাতালের রোগী ও স্বজনদের পড়তে হয়েছে একের পর এক বাধায়। প্রশাসনিক জটিলতা, অপ্রয়োজনীয় পরীক্ষানিরীক্ষা, চিকিৎসায় বিলম্ব, অনিয়ম এবং মৃত্যুর পর মরদেহ হস্তান্তরেও নানা বিড়ম্বনা পোহাতে হয়েছে তাঁদের। সম্প্রতি পরিচালিত এক গবেষণায় দেখা গেছে, জুলাই আন্দোলনের সময় আহতদের চিকিৎসা সেবায় অন্তত ২০ ধরনের বাধা ছিল। শনিবার রাজধানীর সিরডাপ ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টারে আয়োজিত এক সভায় এই গবেষণার ফলাফল

২-এর পৃষ্ঠা দেখুন



## শিশু সাহিত্যিক আকছাদুরের কায়কোবাদ জয়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের শিশু সাহিত্যিক মো: আকছাদুর রহমান "মহাকবি কায়কোবাদ সম্মাননা ২০২৫" পেয়েছেন। গত ৭ নভেম্বর প্রিয় প্রকাশ সাহিত্য ও সাংস্কৃতিক একাডেমির উদ্যোগে ঢাকায় আয়োজিত অনুষ্ঠানে তাকে এই সম্মাননা প্রদান করা হয়। কবি আতিক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন একুশে পদকপ্রাপ্ত ছড়াকার আবু সালেহ। বিশেষ অতিথি ছিলেন কবি ও কথাসাহিত্যিক সোলাইমান আহসান, সাংবাদিক ও দৈনিক বাংলার সাহিত্য সম্পাদক সৌরভ জাহাঙ্গীর, এবং শিশু সাহিত্যিক ও দৈনিক নয়াদিগন্তের সাহিত্য

২-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচন পর্যবেক্ষক ১৬ সংস্থার বিষয়ে দাবি-আপত্তি চেয়ে ইসির গণবিজ্ঞপ্তি

সূর্যোদয় প্রতিবেদন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে নির্বাচন পর্যবেক্ষক সংস্থা হিসেবে অন্তর্ভুক্তির জন্য আবেদন করা ১৬টি প্রতিষ্ঠানের বিষয়ে কারও কোনো দাবি, আপত্তি বা অভিযোগ থাকলে তা দাখিলের আহ্বান জানিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। শনিবার (৮ নভেম্বর) এক সংক্রান্ত গণবিজ্ঞপ্তি জারি করেছে ইসি। ইসির জনসংযোগ শাখার সহকারী পরিচালক আশাদুল হক জানান, বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ কার্যদিবসের মধ্যে– অর্থাৎ আগামী ২৭ নভেম্বর বিকেল ৫টার মধ্যে– ইসির সিনিয়র সচিব বরাবর লিখিতভাবে দাবি বা আপত্তি জানাতে হবে। তিনি আরও বলেন, কারও বিরুদ্ধে কোনো দাবি, আপত্তি বা অভিযোগ থাকলে উপযুক্ত প্রমাণসহ আপত্তিকারীর নাম, ঠিকানা ও ফোন নম্বর উল্লেখ করে ৬ (ছয়) সেট আপত্তি দাখিল করতে হবে। গণবিজ্ঞপ্তিতে বলা হয়, প্রাপ্ত আপত্তির শুনানি শেষে ইসি তা গ্রহণ বা বাতিলের বিষয়ে সিদ্ধান্ত দেবে, এবং এ বিষয়ে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। বিজ্ঞপ্তিটি ইতোমধ্যে নির্বাচন কমিশন সচিবালয়ের

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (ঐক্যের দিনে বিভক্ত বিএনপি)

ঐক্যের দিনে বিভক্তির ঘন্টা
কি করে হবে তারা ঐক্য
ঐক্যের নামে হচ্ছে মেহেরপুর
দু ভাগে বিভক্ত।
জাতীয় দিবস সংহতি দিবস
কেন কেউ কি তা জানে
সভা হলো মিছিল হল
জানলো না তা লোকে।
নমিনেশন অবৈধ বলে
ফাঠাচ্ছে তারা গলা
কে দিয়েছে নমিনেশন
আছে কি তাদের জানা।
তারেক জিয়ার পাখির চোখ
দৃষ্টি পড়ে সবখানে
যোগ্য মনে হয়েছে যারে
ধানেরশীষ দিয়েছে তার হাতে



## ঝিনাইদহে বিপ্লব ও সংহতি দিবস উদযাপন

নিজস্ব প্রতিবেদক.ঝিনাইদহ

ঝিনাইদহে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস বর্ণাঢ্য র‍্যালি ও সমাবেশের মাধ্যমে উদযাপন করা হয়েছে। জেলা বিএনপির আয়োজনে শনিবার সকাল সাড়ে ১০টায় শহরের বিভিন্ন এলাকা থেকে র‍্যালি বের হয়ে

২-এর পৃষ্ঠা দেখুন

## মঞ্জুরুল-জ্যোতিকে নিয়ে আরেক নারী ক্রিকেটারের বিস্ফোরক মন্তব্য

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ নারী ক্রিকেট দলে যৌন হয়রানির অভিযোগ ঘিরে উত্তাল ক্রীড়াঙ্গনে এবার নতুন বিতর্কের জন্ম দিয়েছেন সাবেক অধিনায়ক রুমানা আহমেদ। অধিনায়ক নিগার সুলতানা জ্যোতি ও সাবেক নির্বাচক মঞ্জুরুল ইসলামকে ঘিরে তিনি করেছেন বিস্ফোরক অভিযোগ। দেশের একটি গণমাধ্যমে দেওয়া সাক্ষাৎকারে রুমানা দাবি করেছেন, জ্যোতি অধিনায়ক হওয়ার পর থেকেই তাকে দল থেকে বাদ দেওয়ার চেষ্টা করেছেন এবং শেষ পর্যন্ত তাতে সফলও হয়েছেন। রুমানা বলেন,

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে অনূর্ধ্ব ১৬ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ধীন ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচির অংশ হিসেবে অনূর্ধ্ব ১৬ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। শনিবার সকালে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে টুর্নামেন্টের উদ্বোধন করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নূরানী। উদ্বোধনী দিনে গাংনী উপজেলার ছয়টি

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
✓ অথেনটিক প্রোডাক্ট
✓ সেরা দাম
✓ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক, মেহেরপুর। হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ রোববার ॥ ২৪ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ৯ নভেম্বর ২০২৫ইং


# ডা. আমির খসরু: শব্দ, সুর ও সেবার সমন্বয়ে এক প্রেরণার জীবন




মুহম্মদ মহসীন

জীবন যখন সাহিত্যের সৌন্দর্যে ছড়িয়ে পড়ে ভাবনার নানা তরঙ্গে, তখনই তা রূপ নেয় কবিতা, গল্প, উপন্যাস কিংবা গানের ছন্দে। এমন এক বহুমাত্রিক স্রষ্টা ডা. আমির খসরু, যিনি তিন দশকেরও বেশি সময় ধরে যুক্ত আছেন সাহিত্যচর্চা, সংগীত ও মানবসেবার নিরন্তর স্রোতে। তাঁর কলমে যেমন ফুটে ওঠে প্রেমের মায়াজাল, তেমনি জ্বলে ওঠে দেশপ্রেম, সত্য, ন্যায় আর মানবতার দীপ্ত আলো। ডা. আমির খসরু পেশায় একজন চিকিৎসক, কিন্তু মনের ভেতরে তিনি মূলত এক শিল্পী। রোগীর প্রতি তাঁর মমতা যেমন, তেমনি শব্দের প্রতি তাঁর ভালোবাসাও গভীর ও অমলিন। চিকিৎসা সেবা আর সাহিত্য—এই দুই ভুবনের এক আশ্চর্য মেলবন্ধন ঘটিয়েছেন তিনি। তাঁর কাছে লেখালেখি কোনো বিনোদন নয়; বরং এটি এক ধরণের আত্মপ্রকাশ, সমাজ ও মানবতার প্রতি দায়বদ্ধতা। ছোটবেলা থেকেই ডা. খসরু শব্দ আর সুরের প্রেমে মুগ্ধ ছিলেন। স্কুলজীবনে কবিতা লেখার মাধ্যমে তাঁর সাহিত্যচর্চার সূচনা। পরবর্তী সময়ে গল্প, ছড়া, উপন্যাস, প্রবন্ধ ও গানের কথায় তিনি নিজেকে বহুমাত্রিকভাবে প্রকাশ করেছেন। তাঁর সাহিত্যভুবনে মানবিকতার ছোঁয়া যেমন আছে, তেমনি আছে সময়ের বাস্তব চিত্র। তাঁর দুটি জনপ্রিয় উপন্যাস "শেষ খেলা" ও "স্বর্গীয় প্রেমের আভাস" ইতোমধ্যেই পাঠকমহলে ব্যাপক সাড়া ফেলেছে। "শেষ খেলা"য় তিনি মানবজীবনের জটিল সম্পর্ক ও সময়ের নিষ্ঠুর বাস্তবতা তুলে ধরেছেন। অন্যদিকে "স্বর্গীয় প্রেমের আভাস"-এ ভালোবাসার আধ্যাত্মিক রূপ ও আত্মিক সংযোগের এক স্বপ্নময় পৃথিবী ফুটে উঠেছে। তিনি শুধু সাহিত্য রচনা করেই থেমে থাকেননি, বরং ইসলামী সংগীতকেও জীবনের অংশ করে তুলেছেন। তাঁর লেখা বহু গান স্থানীয় শিল্পীদের কণ্ঠে অনলাইনে ছড়িয়ে পড়েছে। এর মধ্যে জনপ্রিয়তা পেয়েছে গানের লাইন—"সত্য পথে থাকরে অমন সত্য

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## যে ৫টি ব্যায়ামে শরীর থাকবে সুস্থ

সূর্যোদয় প্রতিবেদন

সুস্থ শরীরই সুখী জীবনের মূল চাবিকাঠি। নিয়মিত ব্যায়াম শরীরকে রাখে সতেজ, মেদহীন ও রোগ প্রতিরোধে সহায়তা করে। ব্যস্ত জীবনে জিমে না গেলেও ঘরে বসেই কিছু সহজ ব্যায়াম করলে শরীর ফিট রাখা সম্ভব। বিশেষজ্ঞরা বলেন, প্রতিদিন অন্তত ৩০ মিনিটের ব্যায়ামে মন ও শারীর ভালো থাকে। জেনে নিন এমন ৫টি ব্যায়ামের কথা, যা আপনাকে রাখবে সুস্থ – ১. প্রতিদিন নিয়মিত ৩০ মিনিট হাঁটলে হার্টের কার্যক্ষমতা বাড়ে, রক্ত সঞ্চালন ঠিক থাকে এবং শরীরের বাড়তি ক্যালরি ঝরে যায়। সকালে বা বিকেলে দ্রুত হাঁটা সবচেয়ে উপকারী। ২. এই ব্যায়ামটি শরীরের নিচের অংশকে শক্তিশালী করে। নিয়মিত স্কোয়াট করলে উরু ও কোমরের পেশি শক্ত হয় এবং মেদ কমে যায়। ৩. পুশ-আপ শরীরের উপরের অংশকে গঠন করে। এটি বুক, বাহু ও কাঁধের পেশি শক্ত করে এবং শরীরের স্ট্যামিনা বাড়ায়। ৪. পেটের মেদ ঝরাতে এবং শরীরের ভারসাম্য বজায় রাখতে প্ল্যাঙ্ক দারুণ কার্যকর। প্রতিদিন ৩০ সেকেন্ড থেকে শুরু করে ধীরে ধীরে সময় বাড়ালে শরীরের কেন্দ্রীয় পেশি মজবুত হয়।

৫. যোগব্যায়াম শরীর ও মনের সমন্বয় ঘটায়।

৩-এর পৃষ্ঠা দেখুন



## কুমারখালীতে বিএনপির ১২ নেতাকর্মীর বাড়িতে হামলা-লুটপাট

নিজস্ব প্রতিবেদক.কুষ্টিয়া

কুষ্টিয়ার কুমারখালীর কয়া ইউনিয়নে বিএনপির ১২ নেতাকর্মীর বাড়িতে শুক্রবার (৭ নভেম্বর) সন্ধ্যায় হামলা ও লুটপাটের অভিযোগ উঠেছে আওয়ামী লীগের নেতাকর্মীদের বিরুদ্ধে। ঘটনা সুলতানপুর ও বের কালোয়া গ্রামে ঘটেছে। ক্ষতিগ্রস্তরা অভিযোগ করেছেন, কয়া ইউনিয়ন আওয়ামী লীগের কয়েকজন নেতা ও তাদের অনুসারীরা সালমান এফ রহমান এবং কয়া ৯ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি রাশিদুলের বাড়িতে প্রবেশ করে জানালা ও আসবাব ভাঙচুর করেছেন। পাশাপাশি নগদ টাকা, স্বর্ণালংকার, গবাদিপশু ও অন্যান্য মালামালও লুট করা হয়েছে। এতে প্রায় ৪০ লাখ টাকার ক্ষতি হয়েছে। সালমানের মা শেফালি খাতুন বলেন, "ভয়ে ছেলে মাসখানেক ধরে বাড়িতে থাকে

৩-এর পৃষ্ঠা দেখুন

## গণভোট সংবিধানে নেই, কথায় কথায় রাস্তায় নামবেন না: আমীর খসরু

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, বর্তমান সংবিধানে গণভোটের কোনো বিধান নেই। তাই এ নিয়ে রাজনৈতিক দলগুলোকে কথায় কথায় রাস্তায় নামা থেকে বিরত থাকতে হবে। শনিবার (৮ নভেম্বর) দুপুরে রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে 'জনতার ইশতেহার' শীর্ষক এক সংলাপে অংশ নিয়ে তিনি বলেন, "বর্তমান সংবিধানের আলোকে অন্তর্বর্তীকালীন সরকার গঠন হয়েছে, তারা এই সংবিধানের অধীনেই শপথ নিয়েছেন। এই সংবিধানে গণভোটের কোনো জায়গা নেই। ভবিষ্যতে নির্বাচনে জয়ী হয়ে সংসদে গিয়ে সংবিধানে গণভোট যুক্ত করে তারপর সে পথে আসা যেতে পারে।" রাজনৈতিক দলগুলোর প্রতি আহ্বান জানিয়ে বিএনপি নেতা বলেন, "কথায় কথায় দাবি

৩-এর পৃষ্ঠা দেখুন



## হাসিনাকে নিয়ে দলগুলোকে শক্ত অবস্থান নেওয়ার আহ্বান প্রেস সচিবের

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ফেব্রুয়ারির প্রথমার্ধে অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। একই সঙ্গে তিনি ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিষয়ে রাজনৈতিক দলগুলোকে 'স্পষ্ট ও শক্ত অবস্থান' নেওয়ার আহ্বান জানিয়েছেন। শনিবার (৮ নভেম্বর) দুপুরে রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে 'নির্বাচনী ইশতেহারে প্রযুক্তির ব্যবহার' শীর্ষক এক সেমিনারে তিনি এসব কথা বলেন।

"সারাদেশে নির্বাচনের জোয়ার এসেছে। ফেব্রুয়ারির প্রথমার্ধে নির্বাচন আয়োজনের বিষয়ে অন্তর্বর্তী সরকার প্রতিশ্রুতিবদ্ধ। সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন আয়োজনের লক্ষ্যে প্রধান উপদেষ্টা ও তার টিম দিনরাত কাজ করছেন।" 'হাসিনার বিষয়ে স্পষ্ট অবস্থান দরকার'

৩-এর পৃষ্ঠা দেখুন

## বাংলাদেশের সঙ্গে উত্তেজনা চায় না ভারত রাজনাথ সিং

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের সঙ্গে কোনো ধরনের রাজনৈতিক উত্তেজনা চায় না ভারত – এমন মন্তব্য করেছেন দেশটির প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। ভারতের বেসরকারি সংবাদমাধ্যম নেটওয়ার্ক ১৮ গ্রুপের শীর্ষ সম্পাদক রাহুল জোশিকে দেওয়া এক এক্সক্লুসিভ সাক্ষাৎকারে রাজনাথ সিং বলেন, "আমরা বাংলাদেশের সঙ্গে উত্তেজনা চাই না। তবে অধ্যাপক মুহাম্মদ ইউনূসের উচিত নিজের বিবৃতির শব্দচয়ন নিয়ে সতর্ক থাকা।" ২০২৪ সালের জুলাই আন্দোলনের পর গঠিত অন্তর্বর্তী সরকারের নেতৃত্বে রয়েছেন অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। আন্দোলনের পরপরই ইউনূস নেতৃত্বাধীন সরকারের সঙ্গে ভারতের কেন্দ্রীয় সরকারের সম্পর্কের মধ্যে টানাপোড়েন দেখা দেয়। সাম্প্রতিক কিছু

৩-এর পৃষ্ঠা দেখুন



## শাহবাগে সাউন্ড গ্রেনেডে ছত্রভঙ্গ প্রাথমিক শিক্ষকরা, আহত অনেকে

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীর শাহবাগে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের কলম সমর্পণ কর্মসূচিতে সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করেছে পুলিশ। এতে ছত্রভঙ্গ হয়ে পড়েন আন্দোলনরত শিক্ষকরা। নারীসহ বেশ কয়েকজন শিক্ষক আহত হয়েছেন বলে জানিয়েছেন শিক্ষক নেতারা। শনিবার (৮ নভেম্বর) বিকেল পৌনে ৪টার দিকে শাহবাগ মোড়ে এ ঘটনা ঘটে। বাংলাদেশ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ শামছুদ্দীন মাসুদ বলেন, "পূর্বঘোষণা অনুযায়ী আমরা শহীদ মিনার থেকে শাহবাগ অভিমুখে কলম সমর্পণ পদযাত্রা শুরু করি। শাহবাগ মোড়ে পৌঁছানোর আগেই পুলিশ ব্যারিকেড দেয়। সেখানে

৩-এর পৃষ্ঠা দেখুন



## ওয়ার্ল্ড আরচারির এশিয়ার সভাপতি হলেন বাংলাদেশের চপল

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ আরচারি ফেডারেশনের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক কাজী রাজিব উদ্দিন আহমেদ চপল ওয়ার্ল্ড আরচারির এশিয়ার নতুন প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন। চপল পূর্বে দুই মেয়াদে ওয়ার্ল্ড আরচারির এশিয়ার প্রথম সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন। এবার তিনি এশিয়ার সভাপতি পদে নির্বাচিত হওয়ায়

৩-এর পৃষ্ঠা দেখুন

## ইউক্রেনের জ্বালানি অবকাঠামোতে রাশিয়ার ভয়াবহ হামলা

সূর্যোদয় প্রতিবেদন

ইউক্রেনের জ্বালানি অবকাঠামোতে ভয়াবহ হামলা চালিয়েছে রাশিয়া। এতে দেশটির বেশ কয়েকটি অঞ্চলে জরুরি বিদ্যুৎ বিভ্রাট দেখা দিয়েছে। শনিবার (৮ নভেম্বর) এক বিবৃতিতে বিষয়টি নিশ্চিত করেছেন ইউক্রেনের জ্বালানিমন্ত্রী স্বিতলানা গ্রিনচুক। খবর এএফপি। গত কয়েক মাস ধরে মস্কো ইউক্রেনের জ্বালানি স্থাপনাগুলোর ওপর হামলার তীব্রতা বাড়িয়েছে, যার ফলে কিয়েভের প্রধান প্রাকৃতিক গ্যাস উৎপাদনকেন্দ্রসহ একাধিক বিদ্যুৎ স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়েছে।

৩-এর পৃষ্ঠা দেখুন



## হাঙ্গেরিকে রাশিয়া থেকে তেল কেনার সুযোগ দিলেন ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হাঙ্গেরিকে রাশিয়া থেকে তেল ও গ্যাস আমদানি করার ওপর আরোপিত নিষেধাজ্ঞা থেকে এক বছরের জন্য ছাড় দিয়েছেন। শুক্রবার (৭ নভেম্বর) হোয়াইট হাউজের এক কর্মকর্তা এ তথ্য নিশ্চিত করেছেন। এর আগে ট্রাম্প ইঙ্গিত দিয়েছিলেন, তিনি হাঙ্গেরির প্রধানমন্ত্রী ভিক্টর অরবানকে এ সুবিধা

৩-এর পৃষ্ঠা দেখুন

## ঝাড়খণ্ডে ব্লাড ব্যাংক কেলেঙ্কারি: পাঁচ শিশু এইচআইভি পজিটিভ

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের ঝাড়খণ্ডে সরকারি সদর হাসপাতালে ব্লাড ব্যাংক থেকে নেওয়া রক্তের মাধ্যমে পাঁচ শিশু এইচআইভি পজিটিভ হয়েছেন। ঘটনা প্রকাশের পর হাসপাতালের সিভিল সার্জন, এইচআইভি ইউনিটের চিকিৎসক ও সংশ্লিষ্ট টেকনিশিয়ানকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন ভুক্তভোগী পরিবারদের জন্য প্রতি শিশুর জন্য দুই লাখ টাকা ক্ষতিপূরণ দেওয়ার কথা ঘোষণা করেছেন। শিশুদের মধ্যে একজনের মা জানিয়েছেন, "গত সেপ্টেম্বর আমি আমার মেয়েকে

৩-এর পৃষ্ঠা দেখুন


জামান বস্ত্রালয়

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!

ঠিকানা: বড়বাজার, মেহেরপুর

যোগাযোগ: 01718 552784, 01673 980044


প্রযুক্তি

## সাইবার নিরাপত্তায় নতুন অ্যাডভাইজরি সার্ভিস চালু

সূর্যোদয় প্রতিবেদন

সাইবার নিরাপত্তা প্রতিষ্ঠান সফোস সম্প্রতি নতুন অ্যাডভাইজরি সার্ভিস চালু করেছে। এই সেবার মাধ্যমে প্রতিষ্ঠানগুলো তাদের সাইবার নিরাপত্তার দুর্বলতা চিহ্নিত করতে পারবে এবং নিরাপত্তা ব্যবস্থাকে আরও শক্তিশালী করতে পারবে। নতুন পরিষেবাগুলো সফোস এক্স-অপস থ্রেট ইন্টেলিজেন্সের গবেষণা ও বাস্তব অভিজ্ঞতার ওপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। এতে থ্রেট হান্টিং, ইনসিডেন্ট রেসপন্স এবং সাম্প্রতিক সাইবার হামলার তথ্য বিশ্লেষণ অন্তর্ভুক্ত। সফোসের স্টেট অব র‍্যানসমওয়ার ২০২৫ প্রতিবেদনে দেখা গেছে, র‍্যানসমওয়্যার হামলার প্রধান কারণ হলো সফটওয়্যারের দুর্বলতা। বিশ্বের ৬৫ শতাংশ



প্রতিষ্ঠান জানিয়েছে, তারা কোনও না কোনও নিরাপত্তা ঘাটতির কারণে হামলার শিকার হয়েছে।

নতুন পরিষেবার মাধ্যমে প্রতিষ্ঠানগুলো পাচ্ছে:

৩-এর পৃষ্ঠা দেখুন


মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা



হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগ বিশেষজ্ঞ



ডা: মো: শাহিনুর রশিদ

এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

চিকিৎসা সেবা সমূহ

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর ◻ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র ◻ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।

রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর

সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308



দিন-রাত মানবিক সেবার লক্ষ্যে

কুদরত-ই-খুদা-ক্লিনিক এন্ড ল্যাব

মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে,আসিফ প্লাজা ২য় ও ৩য় তলা)

কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর। সিরিয়ালের জন্য: ০১৭৫৭-৮২৮২৭৮

স্বনামধন্য বিশেষজ্ঞ চিকিৎসকগণ দ্বারা সর্বাধুনিক চিকিৎসা ও সেবা-

মেডিসিন বিশেষজ্ঞ - ডাঃ মোঃ আতিকুর রহমান
এম.বি.বি.এস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম),এম.আর. সি.পি (ইউকে) পার্ট-১ এফ.সি.পি.এস (মেডিসিন) শেষ পর্ব। সহকারী রেজিস্ট্রার কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল মেডিসিন বিশেষজ্ঞ।
রোগী দেখছেন: প্রতি মঙ্গলবার দুপুর ২টা থেকে রাত ৮টা

ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি) এম.এস. (ইউরোলজি) ইউরোলজি বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন।
রোগী দেখছেন: প্রতি শনিবার ও রবিবার দুপুর ২টা হতে রাত ৮টা

নিউরোসার্জারী বিশেষজ্ঞ- ডাঃ মোঃ মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম. এস রেসিডেন্ট নিউরোসার্জারী (ব্রেইন,নার্ভ,স্পাইন, পেইন) স্পেশাল ট্রেনিং অন পেইন ম্যানেজমেন্ট ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখছেন: প্রতি শুক্রবার দুপুর ২টা হতে সন্ধা ৬টা

গাইনি, প্রসূতি ও মেডিসিন রোগে অভিজ্ঞ - ডাঃ জান্নাতুল ফেরদৌস সীমা
এম.বি.বি.এস (রাজশাহী) এম.সি.জি.পি (অবস্ এন্ড গাইনী) সি.এম.ইউ(আল্ট্রাসনোগ্রাফি)
রাগী দেখছেন: প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা

--- বিশেষজ্ঞ ডাক্তারগণ সব ধরনের অপারেশন করছেন --

হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, এ্যাপেনডিক্স, অর্শ্ব পাইলস।

ডাঃ মাহাবুব আলম বিপ্লব (সহকারী অধ্যাপক) | ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন। | ডাঃ রিচার্ড সরেন প.জি.টি সার্জন



ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, রোববার, ৯ নভেম্বর ২০২৫ ইং

## ঐক্যের দিনে বিভাজন: বিএনপির আত্মসমালোচনার সময় এখন

জাতীয় বিপ্লব ও সংহতি দিবস বিএনপির রাজনীতিতে কেবল একটি ঐতিহাসিক স্মারক নয়, বরং দলটির ঐক্য ও জনগণের সঙ্গে সম্পৃক্ততার প্রতীকও বটে। এই দিনেই বাংলাদেশের ইতিহাসে সেনা, জনতা ও রাজনীতিকের মিলিত উত্থানের মাধ্যমে একটি নতুন অধ্যায়ের সূচনা হয়েছিল। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে, সেই ঐক্যের দিনটি এবার মেহেরপুর ও গাংনীতে উদ্?যাপিত হয়েছে বিভক্ত আয়োজনের মধ্য দিয়ে—একটি জেলা বিএনপির ব্যানারে, অন্যটি মনোনীত প্রার্থী মাসুদ অরুণের অনুসারীদের উদ্যোগে। রাজনীতিতে মতপার্থক্য বা নেতৃত্বে ভিন্নতা থাকা অস্বাভাবিক নয়, কিন্তু যে দিনে দলটি ঐক্যের মন্ত্র উচ্চারণ করে, সে দিনেই ভাঙনের প্রকাশ ঘটানো নিঃসন্দেহে নেতিবাচক বার্তা বহন করে। জেলা বিএনপির একাংশ যখন কেন্দ্রীয় নেতৃত্বের প্রতি আনুগত্য দেখিয়ে কর্মসূচি পালন করেছে, অন্য অংশ তখন নিজস্ব অবস্থান থেকে আলাদা কর্মসূচি নিয়েছে—এমন পরিস্থিতি কেবল সাধারণ কর্মীদের হতাশ করে না, বরং দলটির সাংগঠনিক শক্তিকেও দুর্বল করে। গাংনীতে একই দিনের দুই কর্মসূচিতে ভিন্ন ভিন্ন নেতৃবৃন্দের নেতৃত্বে র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হওয়ায় স্থানীয় রাজনীতিতে যে বিভাজন দৃশ্যমান হয়েছে, তা আগামী নির্বাচনের প্রাক্কালে বিএনপির জন্য বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়াতে পারে। এই বিভাজন কেবল নেতৃত্বের প্রতিযোগিতা নয়, এটি রাজনৈতিক দূরদর্শিতার ঘাটতির প্রতিফলনও বটে।ঐক্যের মন্ত্র কেবল বক্তৃতায় নয়, তা প্রতিফলিত হওয়া উচিত সংগঠনের কর্মে ও নেতৃত্বের আচরণে। এখনই সময় মেহেরপুর ও গাংনীর বিএনপি নেতৃত্বের আত্মসমালোচনায় বসার—কে ঠিক, কে ভুল, সেই হিসাব নয়; বরং কীভাবে ঐক্য ফিরিয়ে আনা যায়, সেটাই হওয়া উচিত মূল আলোচনার কেন্দ্রবিন্দু। রাজনীতিতে বিভক্তির ফল কখনও ইতিবাচক হয় না। ইতিহাস সাক্ষ্য দেয়—যে দল ঐক্য হারায়, সে দল জনগণের আস্থা হারায়। তাই বিপ্লব ও সংহতির এই দিবসে মেহেরপুর বিএনপির উচিত নিজেদের বিভেদ ভুলে ঐক্যের পথে ফিরে আসা। দলীয় শক্তি কেবল বক্তৃতায় নয়, মাঠে-ময়দানে একসঙ্গে কাজ করার মধ্যেই নিহিত।

## মেহেরপুরে শিশুদের জন্য নেই

(প্রথম পৃষ্ঠার পর)

বিনোদনের সুযোগ তৈরি হবে, অন্যদিকে পরিবারগুলোও পাবেন কিছুটা অবসর সময় কাটানোর

## তারেক রহমান

যাবেন, কিন্তু হোটেলে কেন বৈঠক হলো? ওই বৈঠকে একজন কর্মকর্তা ভাগ কম পাওয়ায় বিষয়টি আমাদের জানিয়েছেন। এখন ইসির উচিত হবে পুরো ঘটনা তদন্ত করা।” তারেক রহমান বলেন, “আমার দল নিবন্ধন না পাওয়ায় আমি অভিযোগ করছি— তা নয়। রাস্তায় যদি এক চালক বেপরোয়া হয়, তাহলে অন্যরা ভালোভাবে গাড়ি চালাতে পারে না। রফিকুল আমীন রাজনীতিতে তেমনই একজন ‘দুষ্টু বালক’। তাই তার দলের নিবন্ধন বাতিল করা উচিত।” তিনি আরও বলেন, “রফিকুল আমীন কি জুলাই আন্দোলনে ছিলেন? ছিলেন জেলে। ৪৩ লাখ গ্রাহকের অর্থ আত্মসাৎ করে তিনি কারাগারে গিয়েছিলেন। আমাদের আন্দোলনের ফসল হিসেবে মুক্তি পেয়ে এখন দল করেছেন নিজের সম্পদ বাঁচাতে।” গত ৪ নভেম্বর থেকে নিবন্ধনের দাবিতে নির্বাচন কমিশনের মূল ফটকের সামনে অনশন করছেন তারেক রহমান। তিনি জানান, “আমি এখন অসুস্থ হয়ে পড়ছি। ইসির একজন যুগ্ম সচিব গত বৃহস্পতিবার এসে আমার বক্তব্য শুনে গেছেন। কিন্তু এখনো কোনো জবাব দেননি।”

## মাসুদ অরুণ

(প্রথম পৃষ্ঠার পর)

পার্কে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে আয়োজিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি আরও বলেন ‘৭১ নিয়ে অনেক ষড়যন্ত্র হয়েছে। কেউ জুলায়ের চেতনাকে বিক্রি করে খেতে পারবে না, ধর্মকেও ব্যবসা বানাতে দেওয়া হবে না। সচেতন থাকবেন, মা-বোনদেরও সচেতন রাখবেন।’ মাসুদ অরুণ বলেন, দলের নামে কেউ চাঁদাবাজি করলে তাকে ছাড় দেওয়া হবে না। আগামী এক সপ্তাহের মধ্যে সবাইকে ঐক্যবদ্ধভাবে ধানের শীষের পক্ষে মাঠে নামার আহ্বান জানান তিনি। ‘ধানের শীষ নিয়ে কেউ ছিনিমিনি খেলতে পারবে না। নির্বাচন নিয়ে কোনো ছিনিমিনি খেলা হতে দেব না।’ পৌর বিএনপির সাবেক সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সভাপতিত্বে সমাবেশে বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন। বক্তব্য রাখেন সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেঞ্জি ও জেলা মহিলা দলের সভাপতি সাইয়েদাতুন নেসা নয়নসহ বিএনপি ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ। মাসুদ অরুণ আরও বলেন, ‘আজ ৭ নভেম্বর না হলে এ দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব বিক্রি হয়ে যেত। বহুদলীয় গণতন্ত্র আসত না, মানুষের ভোটের অধিকার থাকত না। শিপাহী-জনতার বিপ্লবের এই দিনে আমরা আনুষ্ঠানিকভাবে নির্বাচনী প্রচারণা শুরু করছি।’ সমাবেশে বিএনপি ও অঙ্গসংগঠনের শত শত নেতাকর্মী অংশ নেন।

## মেহেরপুর মটর শ্রমিক ইউনিয়ন

(প্রথম পৃষ্ঠার পর)

১০টা থেকে রাত ৭টা পর্যন্ত। পরদিন ১০ নভেম্বর সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত মনোনয়নপত্র বাছাই, আপত্তি গ্রহণ ও নিস্পত্তি সম্পন্ন হবে। একই দিন রাত ১০টায় চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে। আগামী ১৭ নভেম্বর অনুষ্ঠিত হবে জেলা মোটর শ্রমিক ইউনিয়নের মূল নির্বাচন। ?এদিন মনোনয়নপত্র ক্রয় করেন বিভিন্ন পদে প্রার্থীরা। সভাপতি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন আহসান হাবীব সোনা, শাহিন আলম ও বকুল হোসেন। কার্যকরী সভাপতি পদে মনোনয়ন নিয়েছেন সাজেদুর রহমান, সৈয়দ রাকেশ হাসান ও উজ্জল হোসেন। ?সহ-সভাপতি পদে আলমগীর হোসেন ও শাহিন আলম টুটুল, সাধারণ সম্পাদক পদে মতিয়ার রহমান ও শাখাওয়াত হোসেন সবুজ, যুগ্ম সম্পাদক পদে নাসিম ইসলাম, এরশাদ আলী ও রেজাউল হক মনোনয়নপত্র দাখিল করেছেন। ?সহ-সাধারণ সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন সেন্টু শেখ ও ফরহাদ হাসান তুষার, সাংগঠনিক সম্পাদক পদে রমেজ উদ্দিন ও আফজারুল, সহ-সাংগঠনিক সম্পাদক পদে চঞ্চল শেখ ও চাঁদ আলী। কোষাধ্যক্ষ পদে আজিজুল হক, মাহ-বুব, মোফাজ্জেল ও সোহেল; সড়ক সম্পাদক পদে সোহেল রানা সজীব, মুরসালিন ও আনারুল ইসলাম; শ্রমিক কল্যাণ সম্পাদক পদে মাহবুব রিপন ও খাইরুল ইসলাম; প্রচার সম্পাদক পদে সুমন ও ইয়ারুল ইসলাম মনোনয়নপত্র ক্রয় করেছেন। এছাড়া সদস্য পদে শরিফুল ইসলাম, আন্নাচ আলী, লাল মিয়া, জিয়ারুল, শাহিন শেখ, আব্দুল জব্বার, খবিরুল, রশিদুল ইসলাম ও বাচ্চু মনোনয়নপত্র তুলেছেন। ?মনোনয়নপত্র বিক্রয় কার্যক্রম তত্ত্বাবধান করেন সহকারী নির্বাচন কমিশনার হানিফ মণ্ডল ও অফিস সেক্রেটারি নাসিম

## কালীগঞ্জে মাঠ থেকে অজ্ঞাত নারীর

(প্রথম পৃষ্ঠার পর)

ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠায়। কালীগঞ্জ থানার ওসি (তদন্ত) মোফাজ্জেল হক বলেন, “খবর পেয়ে আমরা লাশ উদ্ধার করেছি। লাশের শরীরে কোনো আঘাতের চিহ্ন নেই। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, নারীটি মানসিক প্রতিবন্ধী ছিলেন। মৃত্যুর সঠিক কারণ ময়নাতদন্তের প্রতিবেদন পেলে জানা যাবে।”

## ঝিনাইদহে বিপ্লব ও সংহতি দিবস

(প্রথম পৃষ্ঠার পর)

প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ড সংলগ্ন স্বাধীনতা চত্বরে এসে শেষ হয়।

র‍্যালিতে নেতৃত্ব দেন জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এমএ মজিদ। সমাবেশে সভাপতিত্ব করেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা। প্রধান অতিথির বক্তব্য দেন অ্যাডভোকেট এমএ মজিদ। সমাবেশে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পাপ্পু, সদর উপজেলা সাধারণ সম্পাদক আলমগীর হোসেন আলম, পৌর বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি অ্যাডভোকেট শামসুজ্জামান লাকী, জেলা যুবদল ও ছাত্রদল, মহিলা দলের নেতৃবৃন্দসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতারা। বক্তারা বলেন, ঐতিহাসিক ৭ নভেম্বর সিপাহী-জনতার বিপ্লবের মাধ্যমে বাংলাদেশে গণতন্ত্র প্রতিষ্ঠার পথ উন্মুক্ত হয়েছিল। তার ধারাবাহিকতায় ফ্যাসিস্ট সরকারের পতনের মধ্য দিয়ে বাংলাদেশে আবারও গণতন্ত্র প্রতিষ্ঠার সুযোগ এসেছে। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শ অনুসরণ করে তারেক রহমানের ৩১ দফা বাস্তবায়নের মধ্য দিয়ে বিএনপি নতুন সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলবে।

## ভুল চিকিৎসা ও নিয়ন্ত্রণহীন ডায়াগনস্টিক সেন্টার গ্রামীণ জনজীবনের নীরব মৃত্যুযন্ত্র

সৈয়দ আনোয়ার



চিকিৎসা মানুষের জীবন-মরণের প্রশ্ন। অসুস্থ মানুষ সুস্থতার আশায় ছুটে যায় চিকিৎসকের কাছে। কিন্তু আজকের বাংলাদেশের বাস্তবতায়, বিশেষ করে গ্রাম ও মফস্বলে, সেই আশার আলো অনেক সময় পরিণত হচ্ছে ভয়াবহ দুঃস্বপ্নে। কারণ, দেশের প্রান্তিক এলাকায় এখন “চিকিৎসা” শব্দটি অনেক ক্ষেত্রে বাণিজ্যের সমার্থক হয়ে উঠেছে, যেখানে হাতুরে ডাক্তার, অনিয়ন্ত্রিত ডায়াগনস্টিক সেন্টার ও দালাল চক্রের দৌরাত্ম্যে সাধারণ মানুষ পড়ছেন বিপদে। শহরে কোনো না কোনোভাবে সুচিকিৎসার ব্যবস্থা থাকলেও, মফস্বলে চলছে এক ভয়াবহ অব্যবস্থা। হাটবাজারে ব্যাঙের ছাতার মতো গজিয়ে উঠেছে ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিক। এসব প্রতিষ্ঠানের অধিকাংশের নেই কোনো সরকারি অনুমোদন, নেই প্রশিক্ষিত টেকনিশিয়ান, নেই নিবন্ধিত চিকিৎসক। অথচ তারা দিব্যি চালাচ্ছে রোগী দেখা, প্রেসক্রিপশন লেখা ও নানা পরীক্ষা-নিরীক্ষার নির্দেশ দেওয়ার কাজ। এদের কেউই বাংলাদেশ মেডিকেল অ্যান্ড ডেন্টাল কাউন্সিলের (বিএমডিসি) নিবন্ধিত চিকিৎসক নয়, কিন্তু নিজেদের “ডাক্তার” পরিচয়ে ব্যবসা চালাচ্ছে অবলীলায়। ফলে গ্রামীণ দরিদ্র ও নিম্ন-মধ্যবিত্ত জনগোষ্ঠী মারাত্মক ঝুঁকিতে পড়ছে। ভুল রিপোর্ট ও ভুল চিকিৎসার কারণে অজান্তে তারা মৃত্যুর মুখে ঠেলে দিচ্ছেন নিজেদের বা প্রিয়জনকে। কারও কিডনি নষ্ট হচ্ছে ভুল ওষুধে, কারও শরীরে অপ্রয়োজনীয় অস্ত্রোপচার করা হচ্ছে শুধুই বাণিজ্যিক স্বার্থে। উপজেলা পর্যায়ের সরকারি হাসপাতালগুলোও এই পরিস্থিতি থেকে মুক্ত নয়। সরকারি হাসপাতালের ভেতরেই সক্রিয় রয়েছে দালালচক্র, যারা অসহায় রোগীদের প্রলোভন দেখিয়ে নিয়ে যায় নির্দিষ্ট বেসরকারি ডায়াগনস্টিক সেন্টারে। কমিশন ভিত্তিক এই “রেফারেন্স বাণিজ্য” জনস্বাস্থ্য ব্যবস্থার ওপর আঘাত হানছে প্রতিদিন। ২০২৪ সালে স্বাস্থ্য অধিদপ্তরের (ডিজিএইচএস) এক প্রতিবেদনে বলা হয়, দেশে প্রায় ৯৫ শতাংশ বেসরকারি হাসপাতাল ও ডায়াগনস্টিক সেন্টারের লাইসেন্স নবায়ন হয়নি। একই বছরে প্রায় ৭০০টিরও বেশি অননুমোদিত হাসপাতাল ও ল্যাব বন্ধ করে দেওয়ার নির্দেশ দেওয়া হয়। কিন্তু কয়েক সপ্তাহ পরই দেখা যায়, এগুলো নতুন নামে আবার চালু হয়েছে আগের জায়গাতেই। অন্যদিকে ইগউঈ-এর তথ্যমতে, ৩৬ হাজারেরও বেশি চিকিৎসক রয়েছেন যাদের নিবন্ধন নবায়ন করা হয়নি। এতে ভুয়া চিকিৎসকের সংখ্যা বাড়ছে, আর রোগী পড়ছে প্রতারণার জালে। উল্লেখযোগ্য বিষয় হলো, ২০২৫ সালে হাইকোর্ট নির্দেশ দিয়েছে যে “ডাক্তার” উপাধি শুধুমাত্র গইইঝ বা ইউঝ ডিগ্রিধারীরাই ব্যবহার করতে পারবেন। এই রায় বাস্তবায়ন হলে হাতুরে চিকিৎসা অনেকটাই নিয়ন্ত্রণে আসতে পারত। কিন্তু মাঠ পর্যায়ে তার প্রভাব এখনও তেমন দৃশ্যমান নয়। অন্যদিকে সরকারের বাংলাদেশ ডিজিটাল স্বাস্থ্য কৌশল ২০২৩-২০২৭ পরিকল্পনা অনুযায়ী গ্রামীণ পর্যায়ে ডিজিটাল স্বাস্থ্যসেবা ও টেলিমেডিসিন সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হয়েছে। এটি বাস্তবায়ন হলে হয়তো কিছুটা পরিবর্তন আসতে পারে, তবে তার আগে প্রশাসনিক তদারকি ও কঠোর আইন প্রয়োগ প্রয়োজন। এই অবস্থা রোধ করতে-উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে, অননুমোদিত ডায়াগনস্টিক সেন্টার ও ভুয়া চিকিৎসা কার্যক্রমের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি নিতে হবে। জনগণ যেন অনলাইনে সহজে বুঝতে পারে কে নিবন্ধিত চিকিৎসক এবং কোন ল্যাব অনুমোদিত। সরকারি হাসপাতালগুলো থেকে দালাল ও কমিশন ব্যবসা দূর করতে হবে। গ্রামীণ মানুষকে বোঝাতে হবে-চিকিৎসা মানে প্রেসক্রিপশন নয়; সঠিক নির্ণয় ও বৈধ চিকিৎসকের পরামর্শই জীবনরক্ষার মূল। ১৯৮২ সালের পুরোনো “চিকিৎসা অনুশীলন এবং বেসরকারি ক্লিনিক এবং পরীক্ষাগার অধ্যাদেশ” আধুনিক বাস্তবতায় পুনর্গঠন করতে হবে। চিকিৎসা বাণিজ্যের নয়, মানবাধিকারের বিষয়। গ্রামীণ মানুষও শহুরে নাগরিকদের মতো সঠিক চিকিৎসা পাওয়ার অধিকার রাখে। রাষ্ট্রের উচিত সেই অধিকার বাস্তবায়নে কার্যকর ভূমিকা নেওয়া, যাতে গ্রামের মানুষ আর “চিকিৎসার আশায়” মৃত্যুর ঝুঁকিতে না পড়ে। চিকিৎসা মানে আশ্রয়-ভয়ের নয়, জীবনের।

(সংবাদকর্মী, হোমনা,কুমিল্লা)

## মধ্যপন্থা ও মিতব্যয়: মুমিনের গুণ

মাহমুদ হাসান ফাহিম

মানবতার ধর্ম ইসলাম মানবজীবনের প্রতিটি ক্ষেত্রে ভারসাম্যপূর্ণ বিধান দিয়েছে। জীবনযাপনে শক্তি, অর্থ, সময় সবকিছুতেই মিতব্যয় ও মধ্যপন্থা অবলম্বন করা অত্যন্ত জরুরি। কারণ কোনো কিছুতেই বাড়াবাড়ি বা সীমা লঙ্ঘন মানুষকে বিপদে ফেলে। দুনিয়ায় শান্তি এবং পরকালে মুক্তি অর্জনের জন্য মধ্যপন্থা অপরিহার্য। মধ্যপন্থা ও মিতব্যয় হলো মুমিনের গুণ। আল্লাহ তাআলা নিজে তাঁর বান্দাদের মিতব্যয়ী হওয়ার তাগিদ দিয়েছেন। সুরা বনি ইসরাইলের ২৯ নম্বর আয়াতে বলা হয়েছে, “তুমি একেবারে ব্যয়কুণ্ঠ (কৃপণ) হয়ো না, আবার একেবারে হাতখোলা হয়ো না; তাহলে তুমি তিরস্কৃত ও নিঃস্ব হয়ে বসে থাকবে।” এ আয়াত থেকে বোঝা যায়, মহান আল্লাহর নিয়ামতগুলো নির্দেশিত পদ্ধতিতে ভোগ করতে হয়। অন্যথায় মানুষ অভাব-অনটন ও বিপদের সম্মুখীন হয়। তাই মানুষের উচিত অপব্যয় ও কৃপণতা থেকে বিরত থেকে মধ্যপন্থা অবলম্বন করা।

সুরা আরাফের ৩১ নম্বর আয়াতে আল্লাহ তাআলা বলেন, “তোমরা খাও ও পান করো এবং অপব্যয় কোরো না। আল্লাহ অপব্যয়কারীকে পছন্দ করেন না।” রাসুলুল্লাহ (সা.)ও অপব্যয়ের বিরুদ্ধে কঠোর ছিলেন। একবার তিনি সাদ (রা.)-কে অজুর মধ্যে অতিরিক্ত পানি ব্যয় করতে দেখে বললেন, “হে সাদ, অপচয় করছ কেন?” সাদ (রা.) জিজ্ঞেস করলেন, “অজুতে কি অপচয় হয়?” নবীজি (সা.) বললেন, “হ্যাঁ। প্রবহমান নদীতে বসেও যদি তুমি অতিরিক্ত পানি ব্যবহার করো, তা অপচয়।” মিতব্যয়ী হলে মহান আল্লাহ দারিদ্র্যমুক্ত জীবন দান করবেন। রাসুল (সা.) বলেছেন,

“ যে ব্যক্তি পরিমিত ব্যয় করে, সে নিঃস্ব হয় না।” দুঃখজনক হলেও সত্য, আমরা অনেক সময় অর্থের অপচয় করি, লোকদেখানো ব্যয় করি, বা রিজিক যথাযথভাবে ব্যবহার করি না। হজরত আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, রাসুল (সা.) বলেছেন,“আল্লাহ তোমাদের তিন বস্তু পছন্দ করেনড়তার ইবাদত করা, তাঁর সঙ্গে কাউকে অংশীদার না করা এবং সবাই ঐক্যবদ্ধ থাকা। আর তিনটি অপছন্দ অহেতুক কথা বলা, অহেতুক প্রশ্ন করা ও অনর্থক সম্পদ বিনষ্ট করা।”অতএব আমাদের উচিত আয়-উপার্জন, ব্যয় ও দানে মধ্যপন্থা অবলম্বন করা। পিতামাতা, ভাইবোন, স্ত্রী-সন্তানদের জন্য প্রয়োজনীয় ব্যয় করতে হবে, কিন্তু অনর্থক খরচ থেকে বিরত থাকতে হবে। আল্লাহ তাআলা স্পষ্টভাবে বলেন,“নিশ্চয়ই অপব্যয়কারীরা শয়তানের ভাই। শয়তান নিজ প্রতিপালকের প্রতি ঘোর অকৃতজ্ঞ।” মুমিনের জীবন হওয়া উচিত পরিমিত, হিসাবনিকাশপূর্ণ এবং মিতব্যয়ী। এতে দুনিয়ায় শান্তি এবং পরকালে মুক্তি দুটোই নিশ্চিত হয়।

## গাংনীতে অনূর্ধ্ব ১৬ ফুটবল

(প্রথম পৃষ্ঠার পর)

বিদ্যালয় অংশগ্রহণ করে। প্রথম রাউন্ডে চাঁদপুর মাধ্যমিক বিদ্যালয় ১-০ গোলে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে, এইচভি মাধ্যমিক বিদ্যালয় টাইব্রেকারে ৩-২ গোলে বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়কে হারায়, এবং জুগিরঘোপা মাধ্যমিক বিদ্যালয় টাইব্রেকারে ৪-২ গোলে কুমারীডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে। টুর্নামেন্টটি যুবদের মধ্যে ক্রীড়া চেতনা বৃদ্ধি ও সুস্থ প্রতিযোগিতার পরিবেশ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

## মঞ্জুরুল-জ্যোতিকে নিয়ে আরেক নারী

(প্রথম পৃষ্ঠার পর)

“ও (জ্যোতি) ক্যাপ্টেন হওয়ার পর থেকেই আমাকে টিম থেকে বের করার জন্য উঠেপড়ে লেগেছে। শেষ পর্যন্ত সেটা সে সফল হয়েছে।” তিনি প্রশ্ন তোলেন, টিম ম্যানেজমেন্ট তাকে পারফর্মার বললেও, তাকে ‘আনফিট’ দেখিয়ে দল থেকে বাদ দেওয়া হয়। “ম্যানেজমেন্ট তো বলত, আমি পারফর্মার। তাহলে হঠাৎ করে আনফিট হয়ে গেলাম কীভাবে?”– প্রশ্ন রুমানার। সম্প্রতি জাতীয় দলের পেসার জাহানারা আলমের যৌন হয়রানির অভিযোগে সাবেক নির্বাচক মঞ্জুরুল ইসলামের নাম উঠে এসেছে। এ নিয়ে প্রতিক্রিয়া জানাতে গিয়ে রুমানা বলেন, “আমার কষ্ট লাগছে যে, বিষয়টা এতদিন ধামাচাপা ছিল। আর উনার (মঞ্জুরুলের) ক্যারেক্টার নিয়ে আমি আগেও বলেছি– উনি এই টাইপের।” তবে জাহানারার সঙ্গে যা ঘটেছে বলে অভিযোগ করা হচ্ছে, তা স্বচক্ষে দেখেননি বলে স্পষ্ট করেছেন এই সাবেক অলরাউন্ডার। নারী ক্রিকেটে সিন্ডিকেট, দলীয় রাজনীতি ও দীর্ঘদিনের ভেতরের অস্থিরতা নতুন করে সামনে এসেছে এই বিতর্কে। বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) এখনও পর্যন্ত এ বিষয়ে কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া জানায়নি, তবে বোর্ড সূত্র জানিয়েছে, অভিযোগ তদন্তে একটি অভ্যন্তরীণ কমিটি গঠনের বিষয়টি বিবেচনাধীন।

## অটো চালকদের নিয়ে জামায়াত’র

(প্রথম পৃষ্ঠার পর)

মো. তাজউদ্দিন খান। বিশেষ অতিথি ছিলেন জেলা সেক্রেটারি ইকবাল হুসাইন, জেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, জেলা বায়তুল মাল সম্পাদক আলহাজ্? জারজিস হুসাইন এবং সদর উপজেলা আমির মাওলানা সোহেল রানা।

এছাড়া উপস্থিত ছিলেন উপজেলা নায়েবে আমির ও দারিয়াপুর ইউনিয়ন পরিষদের প্রার্থী ফিরাতুল ইসলাম নাইম, উপজেলা সহকারী সেক্রেটারি মোস্তাফিজুর রহমান, উপজেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি ফজলুল হক প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন মুজিবনগর উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি খাইরুল বাসার।

## জুলাই আন্দোলনে আহতদের

(প্রথম পৃষ্ঠার পর)

উপস্থাপন করেন আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র, বাংলাদেশের (আইসিডিডিআরবি) বিজ্ঞানী আহমেদ এহসানুর রহমান। গবেষণাটি যৌথভাবে পরিচালনা করেছে বাংলাদেশ হেলথ ওয়াচ ও অ্যাসোসিয়েটস ফর সোশ্যাল ডেভেলপমেন্ট (এমিনেন্স)। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বিশেষ সহকারী অধ্যাপক ডা. সায়েদুর রহমান। গবেষণায় বলা হয়েছে, সরকারি হাসপাতালগুলোতে রাজনৈতিক প্রভাব, যন্ত্রপাতির ত্রুটি, প্রশাসনিক দেরি ও জনবল ঘাটতির কারণে চিকিৎসা প্রক্রিয়ায় ব্যাপক বিশৃঙ্খলা দেখা গেছে। আহতদের চিকিৎসায় বিলম্ব, তথ্যসংগ্রহে অনিয়ম এবং মৃত্যুর পর মরদেহ হস্তান্তরে অযথা সময়ক্ষেপণ রোগীর স্বজনদের ভোগান্তি আরও বাড়িয়েছে। বেসরকারি হাসপাতালগুলোতেও অনিয়ম কম নয়। গবেষণায় উঠে এসেছে, অনেক হাসপাতাল অতিরিক্ত বিল দাবি করছে, অপ্রয়োজনীয় পরীক্ষানিরীক্ষা করাচ্ছে এবং বিল পরিশোধ না হলে মরদেহ আটকে রাখছে–যা গবেষকদের মতে দায়িত্বহীন ও মানবিকতার পরিপন্থী আচরণ। গবেষণা উপস্থাপনকালে আহমেদ এহসানুর রহমান বলেন, “হাসপাতালগুলোর নীতি ও নেতৃত্বের দুর্বলতা, আধুনিক ব্যবস্থাপনার অভাব এবং মানবিক প্রশিক্ষণের ঘাটতি এই সংকটকে গভীর করেছে। মৃত্যুর পরও রোগীর মর্যাদা রক্ষা করা এখনও স্বাস্থ্যব্যবস্থার অংশ হিসেবে বিবেচিত হয় না।” গবেষণায় গণমাধ্যমের ভূমিকা নিয়েও আলোচনা হয়। প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, গণমাধ্যমে প্রশাসনিক অনিয়ম ও জবাবদিহির অভাব নিয়ে অসংখ্য প্রতিবেদন প্রকাশিত হলেও নীতিনির্ধারক পর্যায়ে এর প্রতিফলন খুব সীমিত। গবেষক দল হাসপাতাল ব্যবস্থাপনায় প্রযুক্তিনির্ভর রেকর্ড সংরক্ষণ, মৃত্যুর পর দ্রুত সেবা প্রদানের নির্দেশিকা প্রণয়ন, প্রশাসকদের প্রশিক্ষণ এবং স্বজনবান্ধব আচরণ নিশ্চিত করার ওপর জোর দিয়েছে। তাঁরা সতর্ক করে বলেন, “এখনই যদি জবাবদিহিমূলক ও মানবিক স্বাস্থ্যব্যবস্থা গড়ে তোলা না যায়, তবে হাসপাতালের অনিয়ম, বিশৃঙ্খলা ও ভোগান্তি সাধারণ মানুষের নিত্যসঙ্গী হয়েই থাকবে।”

## শিশু সাহিত্যিক আকছাদুরের

(প্রথম পৃষ্ঠার পর)

সম্পাদক জাকির আবু জাফর। আকছাদুর রহমানের ছোটদের জন্য লেখা বই “একঝুড়ি মজার গল্প” গত অমর একুশে বইমেলায় প্রকাশিত হওয়ার পর ছোটদের গল্প ক্যাটেগরিতে সেরা বই হিসেবে নির্বাচিত হয়েছে।

## নির্বাচন পর্যবেক্ষক ১৬ সংস্থার বিষয়ে

(প্রথম পৃষ্ঠার পর)

ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। প্রাথমিকভাবে নিবন্ধনযোগ্য ১৬টি বেসরকারি সংস্থা হলো– এসো জাতি গড়ি (এজাগ), নেত্রকোণা সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (এনএসডিও), ডেভেলপমেন্ট অর্গানাইজেশন অব দ্য রুরাল পুওর (ডরপ), হেল্প সেন্টার ফর হিউম্যান রাইটস ফাউন্ডেশন, কেরানীগঞ্জ হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট সোসাইটি, দীপ্ত মহিলা উন্নয়ন সংস্থা (ডিএমইউএস), রুরাল ইকোনমিক সোশ্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (রেসডো), রাসটিক (রুরাল আনফরচুনেটস সেফটি তালিসম্যান ইল্যুমিনেশন কটেজ), বাঁচতে শেখা, পিপলস অ্যাসোসিয়েশন ফর সোশ্যাল অ্যাডভান্সমেন্ট (পাশা), ইন্টারন্যাশনাল আসফ লিগ্যাল এইড ফাউন্ডেশন, মানব উন্নয়ন কেন্দ্র (মাউক), বাংলাদেশ সোসাইটি ফর দ্য চেনা অ্যান্ড অ্যাডভোকেসি নেক্সাস (বি-স্ক্যান), যুব একাডেমি, শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি (এসডিএস) এবং উইমেন এন্টারপ্রিনিয়ার এসোসিয়েশন অব বাংলাদেশ। এর আগে গত বৃহস্পতিবার দেশের ৬৬টি স্থানীয় পর্যবেক্ষক সংস্থাকে চূড়ান্ত নিবন্ধন দিয়েছে ইসি। প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এএমএম নাসির উদ্দিনের নেতৃত্বাধীন কমিশন একইসঙ্গে আরও ১৬টি নতুন সংস্থার বিষয়ে দাবিআপত্তি চেয়ে গণবিজ্ঞপ্তি প্রকাশের সিদ্ধান্ত নেয়। ইসি সচিব আখতার আহমেদ জানান, প্রাথমিক বাছাইয়ের পর ৭টি সংস্থা আপত্তির কারণে নিবন্ধন পায়নি। তিনি বলেন, “মোট ৬৬টি দেশি নির্বাচন পর্যবেক্ষক সংস্থাকে চূড়ান্ত নিবন্ধন দেওয়া হয়েছে। বাকি ১৬টি সংস্থার বিষয়ে দাবি-আপত্তি জানাতে ১৫ কার্যদিবস সময় দিয়ে গণবিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।”

## জামায়াতের প্রস্তাবে ‘না’, সরকার

(প্রথম পৃষ্ঠার পর)

আলোচনার পরিবেশ নষ্ট করেছে সরকারই। দলীয় সূত্র জানায়, বৃহস্পতিবার রাতে গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে স্থায়ী কমিটির বৈঠকে জামায়াতের টেলিফোনে দেওয়া আলোচনার আহ্বান নিয়ে আলোচনা হয়। বৈঠকে সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান, যিনি লন্ডন থেকে ভার্চুয়ালি যুক্ত ছিলেন। বৈঠকে নেতারা বলেন, জামায়াত সরকার নয়; রাষ্ট্রীয় বা রাজনৈতিক সনদ নিয়ে তাদের সঙ্গে আলোচনার কোনো ভিত্তি নেই। তাই জামায়াতের ডাকে সাড়া দেবে না বিএনপি। তবে সরকার যদি আলোচনার উদ্যোগ নেয়, বিএনপি অংশ নেবে এবং দলীয় অবস্থান জোরালোভাবে তুলে ধরবে। স্থায়ী কমিটির এক সদস্য বলেন, “সমস্যা তৈরি করেছে সরকার ও ঐকমত্য কমিশন। জুলাই সনদে বিএনপির নোট অব ডিসেন্ট রাখার প্রতিশ্রুতি ভঙ্গ করা হয়েছে। এখন আলোচনার আহ্বান তামাশা ছাড়া কিছু নয়।” জামায়াতের হুঁশিয়ারি, বিএনপির নীরব কৌশল জামায়াতের নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মো. তাহের জানিয়েছেন, আলোচনার জন্য বিএনপিকে ফোন করা হলেও কোনো সাড়া পাওয়া যায়নি। তিনি বলেন, “যদি সোমবারের উপদেষ্টা পরিষদের বৈঠক থেকে নভেম্বরে গণভোট আয়োজনের সিদ্ধান্ত না আসে, তাহলে যুগপৎ আন্দোলনের আট দলের আন্দোলন ছাড়া পথ খোলা থাকবে না।”

অন্যদিকে, বিএনপি রাজপথে পাল্টা কর্মসূচি না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। স্থায়ী কমিটি মনে করছে, নির্বাচনে বিশৃঙ্খলা সৃষ্টি হতে পারে– এমন পরিস্থিতি তৈরি করা যাবে না। তবে সাংগঠনিক সক্ষমতা দেখাতে গতকাল ‘বিপ্লব ও সংহতি দিবস’ উপলক্ষে দেশব্যাপী শোডাউন করেছে দলটি।

## গাংনীতে বিএনপির র‍্যালি, স্লোগান

(প্রথম পৃষ্ঠার পর)

শেষ হয়। গাংনী উপজেলা বিএনপি’র সভাপতি আলফাজ উদ্দিন কালুর সভাপতিত্বে অনুষ্ঠিত র‍্যালিতে নেতৃত্ব দেন জেলা বিএনপি’র সভাপতি জাবেদ মাসুদ মিল্টন। র‍্যালিতে অংশগ্রহণকারী নেতাকর্মীরা ‘অবৈধ মনোনয়ন মানি না’–স্লোগানে স্লোগানে মুখরিত করে তোলেন পুরো এলাকা। র‍্যালিতে আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক আখেরুজ্জামান, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক আব্দাল হক, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী, জেলা মহিলা বিএনপি’র সাধারণ সম্পাদক লাইলা আরজুমান বানু, উপজেলা বিএনপি নেত্রী ফরিদা পারভীন, বামন্দী ইউনিয়ন বিএনপি সভাপতি রাশিদুল ইসলাম সোহাগ, মটমুড়া ইউনিয়ন বিএনপি সভাপতি হামিদুল হক, পৌর বিএনপি সভাপতি মকবুল হোসেন মেঘলা, সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক সুমন এডাম, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুল ইসলাম বিপ্লব, উপজেলা ছাত্রদল সভাপতি রিপন হোসেনসহ উপজেলা, পৌর ও ইউনিয়ন পর্যায়ের বিপুল সংখ্যক নেতাকর্মী।

## নেতানিয়াহুর বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করল তুরস্ক

সূর্যোদয় প্রতিবেদন

অবরুদ্ধ গাজা উপত্যকায় যুদ্ধাপরাধ ও মানবতার বিরুদ্ধে অপরাধের অভিযোগ এনে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেছে তুরস্ক। শুক্রবার (৭ নভেম্বর) ইস্তাম্বুল প্রসিকিউটর অফিস এক বিবৃতিতে জানায়, নেতানিয়াহুসহ ইসরায়েল সরকারের শীর্ষ ৩৭ জন কর্মকর্তার বিরুদ্ধে এই পরোয়ানা জারি করা হয়েছে। খবর দিয়েছে কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরা। প্রসিকিউটর অফিস জানায়, অভিযুক্তদের মধ্যে রয়েছেন ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল ক্যাটজ, জাতীয় নিরাপত্তা মন্ত্রী ইতামার বেন গাভির এবং সেনাপ্রধান লেফটেন্যান্ট জেনারেল এয়াল জামির। তুরস্কের অভিযোগ, গাজায় ইসরায়েলি বাহিনী যে হত্যাযজ্ঞ চালিয়েছে, তা ছিল “পরিকল্পিত ও ধারাবাহিক গণহত্যা” – যা স্পষ্টভাবে মানবতার বিরুদ্ধে অপরাধের শামিল। বিবৃতিতে আরও বলা হয়, গাজায় তুর্কি-ফিলিস্তিনি মৈত্রী হাসপাতালে ইসরায়েলি বিমান হামলার ঘটনাও তদন্তের আওতায় আনা হয়েছে। এর আগে গত বছর তুরস্ক দক্ষিণ আফ্রিকার সঙ্গে আন্তর্জাতিক বিচার আদালতে (আইসিজে) ইসরায়েলের বিরুদ্ধে দায়ের করা গণহত্যার মামলায় যোগ দেয়। বিশ্লেষকদের মতে, এই পদক্ষেপ মধ্যপ্রাচ্যে ইসরায়েলবিরোধী কূটনৈতিক চাপ আরও তীব্র করবে এবং আঙ্কারা-তেল আবিব সম্পর্ক নতুন করে সংকটে ফেলবে।

## মালিতে ৫ ভারতীয় নাগরিক অপহৃত

সূর্যোদয় প্রতিবেদন

পশ্চিম আফ্রিকার অস্থির দেশ মালিতে সশস্ত্র বন্দুকধারীদের হাতে পাঁচজন ভারতীয় নাগরিক অপহৃত হয়েছেন। বৃহস্পতিবার (৭ নভেম্বর) দেশটির পশ্চিমাঞ্চলের কোব্রি এলাকায় এ ঘটনা ঘটে বলে জানিয়েছে স্থানীয় নিরাপত্তা সূত্র ও সংশ্লিষ্ট কোম্পানি। কোম্পানির একজন প্রতিনিধি জানান, অপহৃত পাঁচ ভারতীয় একটি বিদ্যুৎ প্রকল্পে কর্মরত ছিলেন। ঘটনার পর কোম্পানির অন্য সব ভারতীয় কর্মীকে নিরাপত্তার স্বার্থে রাজধানী বামাকোতে সরিয়ে নেওয়া হয়েছে। এক নিরাপত্তা কর্মকর্তা বলেন, “বন্দুকধারীরা বৃহস্পতিবার সকালে কোব্রি এলাকায় হামলা চালিয়ে ভারতীয় নাগরিকদের তুলে নিয়ে যায়। অপহরণের পরপরই নিরাপত্তা বাহিনী অভিযানে নামে।” তবে এখন পর্যন্ত কোনো গোষ্ঠী এই ঘটনার দায় স্বীকার করেনি। মালি বর্তমানে সামরিক জান্তার শাসনে রয়েছে এবং দেশটি দীর্ঘদিন ধরে আল-কায়েদা ও আইএসসংযুক্ত জঙ্গি সংগঠনগুলোর তৎপরতার মুখে রয়েছে। সাম্প্রতিক সময়ে জঙ্গিদের হামলা ও অপহরণে দেশটির নিরাপত্তা পরিস্থিতি আরও অবনত হয়েছে। গত মাসে আল-কায়েদা-ঘনিষ্ঠ গ্রুপ ফর দ্য সাপোর্ট অব ইসলাম অ্যান্ড মুসলিমস (জেএনআইএম) দেশটিতে জ্বালানি অবরোধ আরোপ করেছে, যা স্থানীয় অর্থনীতিকে বিপর্যস্ত করে তুলেছে। মালিতে বিদেশি নাগরিকদের অপহরণ নতুন কিছু নয়। দেশটি ২০১২ সাল থেকে ধারাবাহিক সামরিক অভ্যুত্থান, সন্ত্রাসী হামলা ও রাজনৈতিক অস্থিরতায় জর্জরিত। এর আগেও ফ্রান্স, কানাডা ও দক্ষিণ কোরিয়ার নাগরিকদের অপহরণের ঘটনা ঘটেছে।

## যুক্তরাষ্ট্র-ইসরাইলের দাবিকে ‘মনগড়া’ বলছে ইরান

সূর্যোদয় প্রতিবেদন

মেক্সিকোতে ইসরাইলি রাষ্ট্রদূতকে হত্যার ষড়যন্ত্রে ইরানের সম্পৃক্ততার অভিযোগকে ‘সম্পূর্ণ মনগড়া ও ভিত্তিহীন’ বলে প্রত্যাখ্যান করেছে তেহরান। দেশটির দাবি, যুক্তরাষ্ট্র ও ইসরাইল মিথ্যা অভিযোগের মাধ্যমে মেক্সিকোর সঙ্গে ইরানের দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক নষ্ট করতে চাইছে। শুক্রবার (৭ নভেম্বর) ইসরাইল জানায়, মেক্সিকান কর্তৃপক্ষ কথিত হত্যাচেষ্টা ব্যর্থ করে দিয়েছে। লক্ষ্য ছিলেন মেক্সিকোতে নিযুক্ত ইসরাইলি রাষ্ট্রদূত আইনাত ক্রান্?জ নাইগার। এর আগে এক মার্কিন কর্মকর্তা বলেন, ইরানের বিপ্লবী গার্ডের এলিট ইউনিট ‘কুদস ফোর্স’ এ পরিকল্পনার পেছনে ছিল।

তবে এ অভিযোগকে সরাসরি গালগল্প ও গণমাধ্যমসৃষ্ট কল্পকাহিনি বলে উড়িয়ে দিয়েছে ইরান।